



General Certificate of Secondary Education
Foundation Tier
June 2012

Bengali

46351FT

Unit 1 Listening Test Transcript

Monday 28 May 2012 1.30 pm to 2.05 pm
approximately (including reading time)

F

FOR INVIGILATOR'S USE ONLY

Time allowed

- 30 minutes approximately + 5 minutes reading time before the test
- **The pauses are pre-recorded for this test.**

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- Answer **all** questions in **English**.
- You must answer the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now*. **You must not ask questions or interrupt during the test.**
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the Invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

- Example F1** ফুল কিনবেন, ফুল?
- 1 **F2** আমার ছোটো বোনের জন্যে কটা ফুল কিনতে চাই।
- 2 **M1** তুমি কটা ফুল কিনতে চাও?
F2 ছটা ফুল কিনলেই হবে।
M1 ওগো মেয়ে, এ দিকে এসো।
- 3 **M1** তুমি কী রঙের ফুল নেবে?
F2 আমি লাল রঙের ফুল নেবো।
- 4 **M2** তোমাদের বাড়ি থেকে সিনেমায় কোন দিক দিয়ে যেতে হবে?
F1 একেবারে সোজা যেতে হবে।
- 5 **F1** তবে বেশ দূর। গাড়িতে যেতে হবে।
- 6 **M2** যাবার সময়ে একটা খবরের কাগজ কিনতে হবে।
- 7 **M1** আমি দৌড়াতে যাচ্ছি, ফিরবো সাড়ে আটটায়।
- 8 **F2** ফেরার সময়ে দাদিকে একবার দেখে এসো।
তাঁর শরীরটা ভালো নয়।
- 9 **F1** তুমি এ লেভেল কোন বিষয়ে পড়বে ঠিক করেছো?
M2 ঠিক করেছি। কিন্তু আমি অঙ্ক পড়বো না।
- 10 **F1** কেন? তুমি তো অঙ্ক ভালোবাসতে!
M2 এখন মনে হয়, অঙ্ক করতে অনেক সময় লাগে।
- 11 **M2** আমি এ লেভেলে ইতিহাস পড়তে চাই।
F1 ইতিহাস তোমার কেন ভালো লাগে?
M2 এতে অনেক রাজারানীর কাহিনী আছে।

- 12 M1 হ্যালো, তুমি আমার ইমেইলের জবাব দাওনি কেন?
F2 হ্যালো, আমি ইমেইলে কোনো চিঠি পাঠাতে পারছি না।
আমার টেলিফোন লাইন খারাপ হয়ে গেছে।
- 13 M1 কেন?
F2 কাল রাতে ঝড়ে টেলিফোনের তার কেটে গেছে।
- 14 M2 মা, আজ রাতে কী খাবো?
F1 দেখি, মেনিউতে কী কী আছে – আলু ভাজা, মুরগি রোস্ট, বেগুণ ভাজা আর আনারস, কতো কী!
- 15 F2 আমার গল্পের বই পড়ার শখ আছে। আমি খুব গল্পের বই পড়ি।
- 16 M1 তুমি এতো সময় পাও কী করে?
F2 কেন? রবিবার দিন ছুটি! কতো সময়! আমি রবিবার দিন বই পড়ে সময় কাটাই।
তোমার বই পড়তে ইচ্ছা করে না?
- Example F1 এটা সবাই হাত ধোবার সময়ে ব্যবহার করে।
- 17 (a) F2 জানালায় লাগানো থাকে – খুললে আলো আসে।
- 17 (b) M1 গরম এলে এটা না চালালে চলবে না।
- 17 (c) F1 এটা হারিয়ে ফেললে দরজা খুলতে পারবে না।
- 17 (d) M2 এটায় না শুলে ভালো ঘুম হবে না।
- Example F2 ইমতিয়াজ, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো?
M2 আমি ব্যায়াম করি।
- 18 (a) F2 শীলা তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো?
F1 আমি যোগ ব্যায়াম করি।
- 18 (b) F2 ফয়েজ, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো?
M1 আমি সাঁতার কাটি।
- 18 (c) F2 ফারহানা, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো?
F1 আমি নাচি।
- 18 (d) F2 রবিন, তুমি স্বাস্থ্য ভালো রাখার জন্যে কী করো?
M2 আমি নৌকা চালাই।

- 19 M1 ড্রাইভার বললো, 'গাড়ি আর যাবে না'। আমি ড্রাইভারকে জিজ্ঞাসা করলাম, 'গ্লোসিয়ার কোথায়?' ড্রাইভার উত্তর দিলো, 'গ্লোসিয়ার অনেক দূরে, ওই পাহাড়ের উপর।'
- 20 F1 হঠাৎ দেখি, একটা রোগা-মতন কাশ্মীরী যুবক আমাদের দিকে এগিয়ে এলো। 'আমার নাম ইসমাইল' - সে পরিচয় দিলো। 'আমি আপনাদের ঘোড়ার পিঠে চড়িয়ে ঐ পাহাড়ের কাছে নিয়ে যাবো। এই যে আমার দুই ঘোড়া - বাদল আর রাজা।'
- 21 M2 আমরা একটা ঝরনার ধারে থামলাম। যখন বাদল আর রাজা জল খাচ্ছিলো, ইসমাইল আমার ক্যামেরাটা চাইলো। সে বললো, 'আপনাদের একটা ছবি তুলে দেবো।' ছবিটা তুলে সে আমাদের দেখালো আর বললো, 'দেখে মনে হচ্ছে, আপনারা দুজন কোনো কাউবয় সিনেমার নায়ক-নায়িকা। ঘোড়ার পিঠে চড়ে বিশ্রাম করছেন।'
- 22 F1 গ্লোসিয়ারটার কাছে গেলাম। দেখি রওশনের চোখ ছল ছল করছে। সে বললো, 'দেখ, জায়গাটা কতো বড়ো - একদিন পুরো জায়গাটা নিয়ে গ্লোসিয়ারটা ছিলো। এখন কতো ছোটো হয়ে গেছে! একদিন আমাদের গ্রহের অনেক জিনিস নষ্ট হয়ে যাবে, আবহাওয়ার উত্তাপের জন্যে।'
- Example F1 এই চাকরি করলে তোমাদের স্কুলের নোটিসগুলোকে বাংলায় অনুবাদ করতে হবে।
- 23 (a) F2 এই চাকরি করলে তোমাকে স্কুলের খাবার ঘরে সপ্তাহে তিন দিন এ ঘণ্টা করে সাহায্য করতে হবে।
- 23 (b) M1 এই চাকরি করলে তোমাকে স্কুলের কম্পিউটারে বাংলায় এবং ইংরেজিতে অনেক কিছু লিখতে হবে।
- 23 (c) M2 এই চাকরি করলে তোমাকে ইয়ার ৭ এবং ইয়ার ৮-এর ছেলেমেয়েদের অঙ্ক এবং ইংরেজিতে সাহায্য করতে হবে।
- 23 (d) F1 এই চাকরি করলে তোমাকে স্কুলের প্যারেন্টস ইভেনিং-এ টিচারদের কথা বাংলায় বুঝিয়ে বলতে হবে।

END OF TEST